


এপ্রিল/২০২২ মাসের উপজেলা পরিষদ সভার কার্য-বিবরণী

সভাপতি	:	জনাব মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ উপজেলা পরিষদ চেয়ারম্যান সাঁথিয়া, পাবনা।
তারিখ	:	২৭/০৪/২০২২ খ্রিঃ।
সময়	:	বেলা ১২.০০ ঘটিকা।
স্থান	:	উপজেলা পরিষদ সভাকক্ষ, সাঁথিয়া, পাবনা।

(উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)

উপজেলা পরিষদ চেয়ারম্যান, জনাব মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু হয়। তিনি সভার শুরুতে স্বাগত জানান। অতঃপর তিনি গত সভার কার্য-বিবরণী পাঠ করে শুনানোর জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। কার্য-বিবরণীর উপর কারও কোন সংশোধনী/আপত্তি থাকলে তা উল্লেখ করার জন্য অনুরোধ করা হয়। কোন সংশোধনী ব্যতিরেকে বিগত সভার কার্য-বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।


ক্রঃ নং	বিভাগওয়ারী আলোচনা	সিদ্ধান্ত	ব্যবস্থাপন
১.	উপজেলা কৃষি অফিসঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান, খামার যান্ত্রীকরণ প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে যন্ত্রপাতি সংরক্ষণের জন্য একটি সংরক্ষণাগার নির্মাণের জন্য উপজেলা পরিষদ চত্বরে ০৩(তিন) শতক জমির প্রয়োজন। রাজস্ব বাহের ২০২১-২০২২ মৌসুমে রবি ১০০ টি প্রদর্শনীর কার্যক্রম মাঠে চলমান। এনএটিপি-২ প্রকল্পের রবি মৌসুমে ৬৮ টি প্রদর্শনী মাঠে বাস্তবায়িত। রবি ২০২১-২২ মৌসুমের এসএমই প্রকল্পের ২০ টি প্রদর্শনীর কার্যক্রম মাঠে চলমান রয়েছে। রবি ২০২১-২২ পরিবেশ বান্ধব প্রকল্প ১২ টি প্রদর্শনীর কার্যক্রম মাঠে চলমান রয়েছে। রবি ২০২১-২২ তেল জাতীয় ফসল উৎপাদন প্রকল্পের ৪৭ টি প্রদর্শনীর কার্যক্রম মাঠে চলমান রয়েছে। রবি ২০২১-২০২২ রাজশাহী উন্নয়ন প্রকল্পের ৫০ টি প্রদর্শনীর কার্যক্রম মাঠে চলমান রয়েছে। অনাবাদি পতিত জমি ও বসত বাড়ীতে পারিবারিক পুষ্টি বাগান প্রকল্পের ৭৬ টি প্রদর্শনীর কার্যক্রম মাঠে চলমান রয়েছে। প্রযুক্তি ফলবাগান প্রদর্শনী নতুন ০৫ টি বাস্তবায়িত। সারের উত্তোলন ও মজুদের পরিস্থিতি ভাল। কোন সংকট নেই। মাঠ দস্তায়মান বিভিন্ন ফসলের পরিচর্যা কার্যক্রম চলমান। এনএটিপি-২ প্রকল্পের আওতায় গঠনকৃত ১০০ টি সিআইজির নিবন্ধন এর কার্যক্রম চলমান। পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদনের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম চলমান। চলতি মৌসুমে ১০৪৫০ হেক্টর জমিতে রোপা আমন ধান আবাদের কার্যক্রম চলমান রয়েছে। মাসকালাই প্রসোদনা ৩৫০ জন কৃষকের মাঝে বিতরণ কার্যক্রম শেষ হয়েছে এবং মাঠ বাস্তবায়নের কাজ চলছে। রবি ২০২১-২০২২ মৌসুমে প্রসোদনা কর্মসূচীর আওতায় বিভিন্ন ফসলের বাস্তবায়নের কার্যক্রম চলমান। তিনি আরও জানান কৃষক প্রশিক্ষণ কেন্দ্র সংলগ্ন জমিতে পার্শ্ববর্তী জমিতে বাড়ির বাসিন্দারা অবৈধভাবে ময়লা আবর্জনা ফেলেন। বারবার অনুরোধ করা সত্ত্বেও আবর্জনা ফেলে দুর্গন্ধের সৃষ্টি এবং জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে।	উপজেলা পরিষদের সভাস্থলে উপজেলা কৃষি অফিসার উপস্থিতিতে উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেয়া হবে। সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার, উপজেলা প্রকৌশলী, সাঁথিয়া, পাবনা।
২.	স্বাস্থ্য বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ এর টীকা কার্যক্রম চলমান।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সাঁথিয়া, পাবনা।
৩.	উপজেলা প্রাণি সম্পদ অফিস : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান, এপ্রিল/২০২২ মাসে মোট ১৪৫০০ টি পশুপাখিকে চিকিৎসা এবং ১১০৫ টি গভীকে কৃত্রিম প্রজনন দেয়া হয়েছে। চলতি মাসে অত্র উপজেলায় হাঁস-মুরগীতে মোট ৫৫৫০০ এবং গবাদি পশুতে মোট ৫৪০০ মাত্রা টিকা প্রদান করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণি সম্পদ অফিসার, সাঁথিয়া, পাবনা।
৪.	উপজেলা প্রকৌশলীর দপ্তর : উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা পরিষদের সুইপার কোয়ার্টার এর প্রাচীরের আংশিক ভেঙ্গে পড়ায় তা মেরামত করা প্রয়োজন। উক্ত কার্যক্রম সম্পন্ন করতে ৪৫,০০০/- টাকার প্রয়োজন।	উপজেলা রাজস্ব তহবিল হতে ৪৫,০০০/- টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, সাঁথিয়া, পাবনা।
৫.	উপজেলা শিক্ষা অফিস : উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান করোনাকালীন মহামারীর কারণে জানুয়ারি- এপ্রিল, ২০২২ সময়ের খন্ডকালীন পাঠ পরিকল্পনা পাওয়া গেছে। যা বাস্তবায়ন হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা।
৬.	উপজেলা পরিবার পরিকল্পনা অফিস : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহতের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
৭.	জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর : উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরের সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় সাতটি ইউনিয়নে (গৌরীগ্রাম, কাশিনাথপুর, করমজা) ব্যতীত বাকী ইউনিয়নগুলোতে ২৬ টি করে মোট ১৮২ টি সাব মার্সিবেলের বরাদ্দ পাওয়া গেছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক চলছে।	-	-
৮.	উপজেলা মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, তাঁর দপ্তরের কাজ স্বাভাবিক চলছে।	-	-
৯.	উপজেলা সমাজসেবা কর্মকর্তার দপ্তর : উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা অফিসার, সাঁথিয়া



ক্রঃ নং	বিভাগওয়ারী আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২৮.	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন : পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান, এপ্রিল/২০২২ মাসের খুদ্র ঋণ বিতরণ, উদ্যোক্তা ঋণ বিতরণ করা হয়েছে। উভয় ঋণের আদায় কার্যক্রম স্বাভাবিক চলছে।		
২৯.	পল্লী বিদ্যুত সমিতি : এজিএম পল্লী বিদ্যুত সমিতি সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।		
৩০.	ইসলামিক ফাউন্ডেশন : ফিন্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান, ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদভিত্তিক শিশু ও যুবশিক্ষা কার্যক্রম প্রকল্পের শিক্ষা কার্যক্রম কোভিড-১৯ এর কারণে আপাততঃ বন্ধ রয়েছে। মডেল মসজিদ এর পাইলিং এর কাজ চলমান রয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।		
৩১.	জনপ্রতিনিধি		
(১)	চেয়ারম্যান ধোপাদহ ইউপি : চেয়ারম্যান ধোপাদহ ইউপি সভায় জানান, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে।		
(২)	চেয়ারম্যান নাগডেমরা ইউপি : চেয়ারম্যান নাগডেমরা ইউপি সভায় জানান, ইছামতি নদী হতে কচুরীপানা ও পানি অপসারণের অনুরোধ জানান।		
(৩)	চেয়ারম্যান পৌরীগ্রাম ইউপি : চেয়ারম্যান পৌরীগ্রাম ইউপি সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।		
(৪)	চেয়ারম্যান করমজা ইউপি : চেয়ারম্যান করমজা ইউপি সভায় জানান, শামুকজানি- কালাইচড়া রাস্তা নির্মাণ আশু প্রয়োজন।		
(৫)	চেয়ারম্যান নন্দনপুর ইউপি : চেয়ারম্যান নন্দনপুর ইউপি সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।		
(৬)	চেয়ারম্যান ভুলবাড়ীয়া ইউপি : চেয়ারম্যান ভুলবাড়ীয়া ইউপি সভায় মাধপুর-ভুলবাড়ীয়া রাস্তা মেরামতের অনুরোধ জানান		
(৭)	চেয়ারম্যান কাশিনাথপুর ইউপি : চেয়ারম্যান কাশিনাথপুর ইউপি সভায় জানান, পানি উন্নয়ন বোর্ডের জায়গা চিহ্নিতকরণের জন্য অনুরোধ জানান।		
(৮)	চেয়ারম্যান ধুলাউড়ি ইউপি : চেয়ারম্যান ধুলাউড়ি ইউপি সভায় জানান, মনোহরগাতি রাস্তার কাজ এখনও শুরু হয়নি। তিনি উপজেলা প্রকৌশলীকে ১% এর প্রাক্কলন দ্রুত দেয়ার জন্য অনুরোধ জানান।		
(৯)	চেয়ারম্যান ক্ষেতুপাড়া ইউপি : চেয়ারম্যান ক্ষেতুপাড়া ইউপি সভায় জানান, ১০/- টাকা কেজি মূল্যের কার্ডের বিষয়ে আলোচনা করেন।		
(১০)	চেয়ারম্যান, আর/ আতাইকুলা ইউপি : চেয়ারম্যান আর-আতাইকুলা ইউপি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে।		
(১১)	মহিলা ভাইস চেয়ারম্যান : মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান, উপজেলা পরিষদের গঠিত স্থায়ী কমিটির সভা এখন নিয়মিতভাবে করা হচ্ছে।		
(১২)	ভাইস চেয়ারম্যান : ভাইস চেয়ারম্যান সভায় জানান, সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানগণকে সম্মিলিতভাবে কাজ করার আহবান জানান।		
২৭.	বিবিধ আলোচনা		
(ক)	উপজেলা নির্বাহী অফিসার : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা ডিজিটাল সেন্টার এর ফটোকপিয়ার মেশিন একবারে একেজো হয়ে পড়েছে মর্মে ডিজিটাল সেন্টার এর উদ্যোক্তা আবেদন করেছেন। তিনি আরও জানান একটি নতুন ফটোকপিয়ার মেশিন সংযোজন করা প্রয়োজন। মেশিনটি ক্রয় করতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রয়োজন।	বিস্তারিত আলোচনাস্ত্রে উপজেলা রাজস্ব তহবিল হতে ফটোকপিয়ার মেশিন ক্রয় বাবদ ২,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা
(খ)	উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জাইকা বিজ্ঞপ্তি নং-০৪/২০২১-২০২২ বিজ্ঞপ্তি টি দৈনিক মানবকণ্ঠ, দি ডেইলী অবজারভার ও দৈনিক সিনসা পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ হয়। দৈনিক মানবকণ্ঠ পত্রিকা বিজ্ঞপ্তি প্রকাশনা বাবদ-৩৩,১২০/-, দি ডেইলী অবজারভার পত্রিকা বিজ্ঞপ্তি প্রকাশনা বাবদ-১৩,১১৩/- ও দৈনিক সিনসা পত্রিকা বিজ্ঞপ্তি প্রকাশনা বাবদ-১৭,২৫০/- টাকার বিল দাখিল করেছেন। এছাড়া রাজস্ব/এডিপি বিজ্ঞপ্তি নং-০৫/২০২১-২০২২ বিজ্ঞপ্তি টি দৈনিক তৃতীয় মাত্রা, দি এশিয়ান এজ ও দৈনিক আজকের ইতিহাস পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ হয়। দৈনিক তৃতীয় মাত্রা পত্রিকা বিজ্ঞপ্তি প্রকাশনা বাবদ-৫৯,৯৮৪/-, দি এশিয়ান এজ পত্রিকা বিজ্ঞপ্তি প্রকাশনা বাবদ-২৪,৯৭৮/- ও দৈনিক আজকের ইতিহাস পত্রিকা বিজ্ঞপ্তি প্রকাশনা বাবদ-৪০,৯৬৯/- টাকার বিল দাখিল করেছেন। বিলগুলো প্রদান করা প্রয়োজন।	বিস্তারিত আলোচনাস্ত্রে উপজেলা রাজস্ব তহবিল হতে ৬টি পত্রিকা কর্তৃপক্ষকে বিজ্ঞাপন প্রকাশনা বাবদ ১,৮৯,৪১৪/- টাকার বিল প্রদানের নিমিত্ত বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা
(গ)	উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাশিনাথপুর, পাবনা উপজেলা পরিষদের কেন্দ্রীয় মিটারসহ বিভিন্ন মিটারের জুন/২০২১ হতে এপ্রিল/২০২২ পর্যন্ত ৪,০৫,৩৯৯/- (চার লক্ষ পাঁচ হাজার তিনশত নিরানব্বই) টাকার বিদ্যুৎ বিল দাখিল করেছেন। বিলগুলো পরিশোধ করা প্রয়োজন।	বিস্তারিত আলোচনাস্ত্রে উপজেলা রাজস্ব তহবিল হতে বিদ্যুৎ বিল বাবদ ৪,০৫,৩৯৯/- টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা

ক্রঃ নং	বিভাগওয়ারী আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(ঘ)	উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে মরা, ঝড়ে পড়া গাছসমূহ পুকুরে পড়ে যায় গাছগুলো কর্তন করতে এবং পুকুর হতে উত্তোলন করতে ৩৮,৫০০/- টাকা খরচ হয়। বিলটি প্রদান করা প্রয়োজন।	বিস্তারিত আলোচনাস্তে উপজেলা রাজস্ব তহবিল হতে গাছ কর্তনের বিল বাবদ ৩৮,৫০০/- টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা
(ঙ)	চেয়ারম্যান, উপজেলা পরিষদ : উপজেলা চেয়ারম্যান সভায় জানান, তিনি পবিত্র ঈদ-উল-ফিতরের অগ্রিম শুভেচ্ছা জানান এবং সকলের সুস্বাস্থ্য কামনা করেন। তিনি আরও জানান দীর্ঘক্ষণ ধরে সকলের সুস্পষ্ট মতামত শোনা হলো। তিনি সকলকে সম্মিলিতভাবে কাজ করার আহবান জানান।		

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপজেলার সার্বিক কর্মকাণ্ডে বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের প্রত্যাশা ব্যক্ত করে সবাইকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ আব্দুল্লাহ আলি মাহমুদ)
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা।


উপজেলা পরিষদ কার্যালয়
 সাঁথিয়া, পাবনা।
 santhia.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬৭২.০০০০.০৭.০০১.২১- ৪৯৩

তারিখ : -২৭/০৪/২০২২ খ্রিঃ।

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। এ্যাডভোকেট শামসুল হক টুকু, মাননীয় সংসদ সদস্য, ৬৮-পাবনা-১।
- ০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৫। জেলা প্রশাসক, পাবনা।
- ০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পাবনা।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা।
- ০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা।
- ০৯।
-।


 (এস এম জামাল আহমেদ)
 উপজেলা নির্বাহী অফিসার
 ও
 মুখ্য নির্বাহী কর্মকর্তা,
 উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা